
# ‘নো গ্যাস, নো বিল; নো সেবা, নো ট্যাক্স’: রুমিন ফারহানা




রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

দেশের চলমান গ্যাস সংকট ও নাগরিক সেবার ঘাটতি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে ক্ষোভ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য রুমিন ফারহানা।

শনিবার (৫ সেপ্টেম্বর) রাত ২টা ২৯ মিনিটে নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে দেওয়া এক পোস্টে তিনি লেখেন, ‘No gas, no bill; No service, no tax’। অর্থাৎ, গ্যাস না থাকলে বিল নয় এবং প্রয়োজনীয় সেবা না মিললে করও নয়।

এর আগে ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে ৭১ বিধিতে বক্তব্য দেওয়ার সময় দেশের গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি নিয়েও অসন্তোষ প্রকাশ করেন রুমিন ফারহানা। জনদুর্ভোগের চিত্র তুলে ধরে তিনি বলেন, গ্যাস ও বিদ্যুতের অনিয়মিত সরবরাহ নিয়ে মানুষের মধ্যে নানা মন্তব্য রয়েছে। পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, কখন গ্যাস বা বিদ্যুৎ আসবে এবং কতক্ষণ থাকবে, তা নিয়েও মানুষ নিশ্চিত থাকতে পারছে না।

বক্তব্যের একপর্যায়ে তিনি বলেন, “গ্যাস আর বিদ্যুতের ব্যাপারে মানুষ বলে— দুষ্টু লোকেরা বলে, অবশ্য ভালো লোক না— ‘টুকু আসে টুকু যায়’। এই আসে এই যায়, কতক্ষণ থাকে তারা নাকি বুঝতে পারে না।”

গ্যাস ও বিদ্যুতের সরবরাহ নিয়ে সংসদে বক্তব্য দেওয়ার পর এবার একই সংকটকে সামনে রেখে সামাজিক যোগাযোগমাধ্যমেও নিজের অবস্থান তুলে ধরলেন এই স্বতন্ত্র সংসদ সদস্য।